

মুক্তিযুদ্ধের প্রিয় ছবি

অমি রহমান পিয়াল

- পিপাসায় জলঃ



১৯৭১ সালে গুটিকয় রাজাকার-আলবদর-জামাত বাদে গোটা দেশ যুদ্ধ করেছে। কেউবা অস্ত্র হাতে, কেউ বা গেরিলাদের আশ্রয় দিয়ে, উপোস থেকে খাইয়ে, কেউবা স্নেহ জায়নামাজে হাত তুলে দোয়া করে। ছবিটিতে একজন পিপাসার্ত মুক্তিযোদ্ধাকে জল খাওয়াচ্ছেন একজন পল্লী নারী। এই জলটুকুর সঙ্গে কী প্রাণভরা আশীর্বাদও পান করলেন না আমাদের ওই বীর সেনা!

- বাবা, যুদ্ধে গেলাম...



'৭১-র ছবিটা ১৯৭১ সালের মাঝামাঝি সময়কার, দিন তারিখের উল্লেখ নাই। গ্রামের এক দামাল যুবা যুদ্ধে যাচ্ছে, যাবার আগে বাবা ছেলেকে আশীর্বাদ করছে- জয়ী হইয়াই ফিরো বাপজান!

মুক্তিযুদ্ধের প্রিয় ছবি

অমি রহমান

- মুক্তিযোদ্ধা



তিনটা ছবি তিন ধরনের কিন্তু তিনটারই পরিচয় এক- মুক্তিযোদ্ধা । একজন বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছাত্র , আরেকজন চাষী আর তৃতীয় ছবিটির বিশেষত্ব াচ্চাছেলেটি, ওর উচ্চতা আর বন্দুকের দৈর্ঘ্য সমান সমান। বয়স কত? ১২ হবে? এই ছিল ১৯৭১- মোরা একটি ফুলকে বাচাবো বলে যুদ্ধ করি!!